

ঢাকা ওয়াসা

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ পদ্মা পানি শোধনাগার

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পদ্মা পানি শোধনাগার

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.০০০.৭১.০০৩৫.২৫ নথির বিষয়: পদ্মা পানি শোধনাগার-এর অধীনে "Procurement of VFD for automation of chlorine & chemical boosting water pump at WTP." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: পদ্মা পানি শোধনাগার-এর অধীনে "Procurement of VFD for automation of chlorine & chemical boosting water pump at WTP." শীর্ষক কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৮/৮/২৫ ৪:৫৭ অপরাহ্ন

উপরিউক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পদ্মা পানি শোধনাগার-এর কার্যক্রম পুরোদমে চলমান আছে। বর্তমানে গড়ে ২৫০ হতে ২৮০ এমএলডি পরিশোধিত পানি ঢাকা শহরে বিদ্যমান নেটওয়ার্কে যুক্ত হচ্ছে। শোধনাগারের বিভিন্ন ইউনিটে বিদ্যমান ইলেকট্রিক্যাল/ইলেকট্রো-মেকানিক্যাল/অটোমেশন ইকুইপমেন্টগুলোর পারফরমেন্স কমে যাওয়ার কারনে রুটিন মেইনটেন্যান্স হিসাবে প্রায়ই পরিবর্তন করতে হয়। শোধনাগারের ফিল্টার ইউনিটে স্টার-ডেল্টা কানেকশনে প্রি-ক্লোরিন, পোস্ট ক্লোরিন ও ডায়ালেশন বুস্টার পাম্প মোট ৬টি পাম্প রয়েছে, যা VFD এর মাধ্যমে অটোমেটেড করা প্রয়োজন। যা বিদ্যুৎ সাশ্রয়ী ও পাম্পের দীর্ঘমেয়াদে Efficiency ধরে রাখতে পারবে। তাই পাম্পের দীর্ঘমেয়াদে Efficiency এর দিক বিবেচনায় পাম্পগুলো VFD নিয়ন্ত্রিত এর মাধ্যমে আপগ্রেড করা যেতে পারে। সম্ভ্রতি ২০২৪-২৫ অর্থ বছরে ৩টি পাম্প VFD এর মাধ্যমে অটোমেটেড করা হয়েছে, যা খুবই ভালো পারফরমেন্স দিচ্ছে। অতএব, বাকি ৩টি পাম্প VFD এর মাধ্যমে অটোমেটেড করার লক্ষ্যে ২০২৫-২৬ অর্থ বছরে বার্ষিক ক্রয় পরিকল্পনায় "Procurement of VFD for automation of chlorine & chemical boosting water pump at WTP." শীর্ষক কাজটি অন্তর্ভুক্ত করা হয়েছে (ক্রমিক নং-০১ দ্রষ্টব্য)।

সংযুক্তিসমূহ (৪):

- ১। ১. ২০২৫-২৬ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।.pdf
- ২। ২. পূর্বানুমোদিত দর.pdf
- ৩। ৩. টেকনিক্যাল স্পেসিফিকেশন।.pdf
- ৪। ৪. বিভাগীয় প্রাক্কলন।.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৮/৮/২৫ ৪:৫৮ অপরাহ্ন

পদ্মা পানি শোধনাগার-এর ফিল্টার ইউনিটে ব্যবহৃত প্রি-ক্লোরিন, পোস্ট ক্লোরিন ও ডায়ালেশন বুস্টার পাম্পগুলো VFD নিয়ন্ত্রিত করার লক্ষ্যে পূর্বানুমোদিত দর ও টেকনিক্যাল স্পেসিফিকেশনের আলোকে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-০২, ০৩ ও ০৪ দ্রষ্টব্য)। প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳.২৪,৯৭,৭৬০/- (টাকা চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার সাতশত ষাট মাত্র)। উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের VFD Purchase খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৪২, প্যাকেজ নং-APP/25-26/G/9) হতে নির্বাহ করে পিপিআর-২০০৮ এর বিধি ৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের প্রস্তাবসহ অন্তর্ভুক্ত আছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১৮/৮/২৫ ৪:৫৮ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরের বিস্তারিত বর্ণনার আলোকে পদ্মা পানি শোধনাগারে ব্যবহৃত ফিল্টার ইউনিটে ব্যবহৃত প্রি-ক্লোরিন, পোস্ট ক্লোরিন ও ডায়ালেশন বুস্টার পাম্পগুলো স্টার-ডেল্টা কানেকশন থেকে VFD নিয়ন্ত্রিত করার নিমিত্তে "Procurement of VFD for automation of chlorine & chemical boosting water pump at WTP." কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারেঃ

ক) প্রস্তাবিত কাজটি পিপিআর-২০০৮ এর বিধি-৬১ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে (OTM e-GP) সম্পাদনের সদয় অনুমোদন।

খ) প্রস্তাবিত কাজের জন্য প্রাক্কলিত ট.২৪,৯৭,৭৬০/- (টাকা চব্বিশ লক্ষ সাতানব্বই হাজার সাতশত ষাট মাত্র) টাকা ব্যয়ের সদয় আর্থিক ও কারিগরি অনুমোদন।

গ) উক্ত ব্যয় অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের VFD Purchase খাত হতে (অনুমোদিত ক্রয়-পরিকল্পনার আইটেম নং-৪২, প্যাকেজ নং-APP/25-26/G/9) নির্বাহের সদয় প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, আর্থিক ক্ষমতার বন্টন অনুযায়ী উক্ত ব্যয় অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের এখতিয়ারাধীন।

১৮/৮/২৫ ৫:০০ অপরাহ্ন
মোঃ মেহেদী হাসান
উপ-সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৮/৮/২৫ ৫:১৭ অপরাহ্ন
মোঃ ফরহাদ হোসেন
সহকারী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৮/৮/২৫ ৫:১৭ অপরাহ্ন
গাজী আসরিব বিন সালাম
নির্বাহী প্রকৌশলী
পদ্মা পানি শোধনাগার

১৫/৮/২৫

১৫/৮/২৫

মিজী গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা

৫/৮

অনুমোদিত

১৮/৮/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।